


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
সিপিটিইউ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।  
[www.cptu.gov.bd](http://www.cptu.gov.bd)



নম্বর ২১.০০.০০০০.৩৬৪.২২.০২২.২২-১২৪

তারিখঃ ১১ পৌষ ১৪২৯  
২৭ ডিসেম্বর ২০২২

**বিষয়ঃ খসড়া Assets Disposal Policy এর ওপর মতামত প্রদানের অনুরোধ।**

সরকারি ক্রয় প্রক্রিয়ায় সংগৃহীত সম্পত্তির জীবনচক্রের সর্বশেষ ধাপ হলো নিয়মতান্ত্রিক এবং উপযুক্ত প্রক্রিয়ায় সম্পত্তির নিষ্পত্তি করা (Disposal)। সরকারি দপ্তরসমূহে প্রতি বছর উন্নয়ন/পরিচালন বাজেটের আওতায় বিবিধ প্রকারের পণ্য ক্রয় করা হচ্ছে। এ সব পণ্য বা সম্পত্তির নির্ধারিত আয়ুষ্কাল (Economic Life) শেষে প্রকারভেদে ক্রয়কৃত সম্পত্তির বিনষ্টকরণ, বিক্রয় বা অন্যান্য পদ্ধতিতে নিষ্পত্তিকরণের প্রয়োজন হয়। উল্লেখ্য, পণ্য ক্রয়ের সময় দরপত্র মূল্যায়নে ক্রয় পণ্যের নিষ্পত্তি মূল্য (Disposal Value) বিবেচনা করার প্রয়োজন হয়। নষ্ট/অচল সরকারি সম্পত্তি প্রয়োজন ব্যতিরেকে ধরে রাখার ক্ষেত্রে একদিকে যেমন পরোক্ষভাবে সরকারি অর্থ ব্যয়িত হয়, অন্যদিকে এরূপ সম্পত্তি যথাসময়ে বিক্রয় করা সম্ভব হলে সরকারি তহবিলে রাজস্ব যোগ করা সম্ভব হয়। অর্থের সুষ্ঠু মূল্য (Value for Money) নিশ্চিতকরণেও ক্রয়কৃত সম্পত্তির নিষ্পত্তি মূল্যের প্রভাব রয়েছে।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে, সরকারি দপ্তরে ব্যবহৃত সম্পদসমূহের (Asset) আয়ুষ্কাল শেষে নিষ্পত্তিকরণের (Disposal) উদ্দেশ্যে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক খসড়া Assets Disposal Policy প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। এ ছাড়া উক্ত খসড়া দলিলের সফটকপি সিপিটিইউ'র ওয়েবসাইটের স্ক্রল বার ([www.cptu.gov.bd](http://www.cptu.gov.bd)) হতেও ডাউনলোড করা যাবে।

০৩। খসড়া Assets Disposal Policy-এর ওপর তাঁর মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মতামত/পরামর্শ **আগামী ১৫ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে** সিপিটিইউ-তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে মতামতের সফটকপি ই-মেইলে ([cptudir4@cptu.gov.bd](mailto:cptudir4@cptu.gov.bd)) প্রেরণের জন্যও অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ খসড়া Assets Disposal Policy-১ কপি।

২৭.১২.২০২২

(মোঃ শোহেলের রহমান চৌধুরী)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪৮১১৯৪০০-০১

Email: [cptudg@cptu.gov.bd](mailto:cptudg@cptu.gov.bd)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব .....

৩। সদস্য (সকল), বাংলাদেশ পরিকল্পনা কমিশন, .....

৪। চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান .....

৫। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৬। সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৮। অফিস কপি।